



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd. E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



১২/১০/২০

স্মারক নং-বামাশিবো/প্রশা/পাবনা-৫৯/ ২৬৬/১৫

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৮
১৬ অক্টোবর ২০২১

বিষয়: রিট পিটিশন নং-৭৮৫৭/২০২০ এ প্রদত্ত আদেশ মোতাবেক আবেদনকারীর দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে

- সূত্র: ১। জনাব মো: ফারুক হোসেন (সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ) এর দরখাস্ত তাং ১৯/১০/২০২০ খ্রি.;
২। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৭৮৫৭/২০২০;
৩। নং-বামাশিবো/প্রশা/পাবনা-৫৯/২১৮/৫/৩; তারিখ: ০১/০৯/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পাবনা জেলার ফরিদপুর উপজেলাধীন দিঘলিয়া ডি এ এস এস আলিম মাদ্রাসার গভার্ণিং বডি ও সরকারের বিরুদ্ধে জনাব মো: ফারুক হোসেন (সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ) অত্র বোর্ডে অভিযোগ দাখিলসহ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৭৮৫৭/২০২০ দায়ের করেন। যার প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে দরখাস্তটি নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন।

উক্ত দরখাস্ত যথাযথ নিষ্পত্তির লক্ষ্যে ০১.০৯.২০২১খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য দরখাস্তকারী জনাব মো: ফারুক হোসেন (সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ), ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও পরিচালনা কমিটির সভাপতিকে সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সাবেক সভাপতি জনাব মো: রইস উদ্দিন, ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আশরাফুজ্জামান এবং সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: ফারুক হোসেন বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মো: ফারুক হোসেনকে অধ্যক্ষের পদ থেকে সাময়িক বরখাস্ত করণ প্রক্রিয়া বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকুরিবিধি ১৯৭৯ এর বিধি ১৩(২) অনুসারে তদন্ত না হওয়ায় বরখাস্তকরণ প্রক্রিয়া যথাযথ হয়নি।

বর্ণিত অবস্থায় জনাব মো: ফারুক হোসেন পত্র জারির পর থেকে স্ব পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা সহ মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ এতদ্বারা বাস্তবায়ন করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৬.১০.২০২০
মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১. সভাপতি, দিঘলিয়া ডি এ এস এস আলিম মাদ্রাসা;
২. জনাব মো: ফারুক হোসেন, অধ্যক্ষ, দিঘলিয়া ডি এ এস,এস আলিম মাদ্রাসা, ফরিদপুর, পাবনা।

স্মারক নং-বামাশিবো/প্রশা/পাবনা-৫৯/ ২৬৬/১৫

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৮
১৬ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)নিউ বেইলি রোড, ঢাকা-১০০০;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা-১২০৫;
৩. জেলা প্রশাসক, পাবনা;
৪. জেলা শিক্ষা অফিসার, পাবনা;
৫. উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনা;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা;
৭. ভারপ্রাপ্ত অধ্যক্ষ, দিঘলিয়া ডি এ এস এস আলিম মাদ্রাসা, ফরিদপুর, পাবনা;
৮. ম্যানেজার, সোনালী/রুপালী/জনতা ব্যাংক..... শাখা নিয়ামপুর, নওগাঁ;
৯. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।

১৩/১০/২১
মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd